গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-০৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪২.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৭-৩২১ তারিখ: ১৮ আশ্বিন, ১৪২৪
০৩ অক্টোবর, ২০১৭

বিষয়: গত ২০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (Sustainable Development Goals) বাস্তবায়ন কর্মপরিকল্পনার উপর মতবিনিময় সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২০-০৯-২০১৭ তারিখে সচিব (প্রশাসন) জনাব মোঃ হুমায়ুন কবীর এঁর সভাপতিত্বে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (Sustainable Development Goals) বাস্তবায়ন কর্মপরিকল্পনার উপর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

Rasel ৬/১০/১৭
(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৭৭২৩৪

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৬। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১০। মহাপরিচালক, বাংলাদেশ কোষ্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ব্লক-ই, প্লট-১২বি, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১১। যুগ্ম সচিব (প্রশাসন),পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্ম প্রধান (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। উপপ্রধান-০১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জনাব ড.শ্যামল চন্দ্র দাস, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
১৫। ড. রবীন কুমার বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৬। জনাব ড. মোঃ নুরুল আলম, উপ-পরিচালক (কৃষি ও মৎস্য), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২১৫
১৭। জনাব মোঃ ইকরাম উল্লাহ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষিতত্ত্ব), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ওয়ারপো ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২১৫ ।
১৮। জনাব জনাব এ.টি.এম সামসুল আলম, পরিচালক, সিইজিআইএস, বাড়ী নং-৬, সড়ক-২৩/সি, গুলশান-১, ঢাকা
১৯। জনাব মোহাম্মদ আব্দুর রাশিদ, সহকারী বিশেষজ্ঞ, কৃষি ও মৎস্য বিভাগ, সিইজিআইএস, বাড়ী নং-৬, সড়ক-২৩/সি, গুলশান-১, ঢাকা।
২০। জনাব মোঃ হযরত আলী, উর্ধ্বতন বিশেষজ্ঞ, আইডব্লিউএম, বাড়ী নং-৪৯৬, সড়ক-৩২, নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ ।
২১। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
১। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সংশ্লিষ্ট নথি/ মাস্টার নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্য (Sustainable Development Goals) বাস্তবায়ন কর্মপরিকল্পনা উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার সভাপতি	:	অতিরিক্ত সচিব (প্রশাসন)
তারিখ	:	২০-০৯-২০১৭ খ্রি.
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ
সময়	:	বেলা ৩.০০ টা

পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ হুমায়ুন কবীর এঁর সভাপতিত্বে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্য (Sustainable Development Goals) বাস্তবায়ন কর্মপরিকল্পনা উপর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সন্নিবেশিত।

০২। **আলোচনা :**

২.১। সভাপতি বলেন, পরিকল্পনা মন্ত্রণালয়ের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক টার্গেটভিত্তিক মন্ত্রণালয়/ বিভাগসমূহ চিহ্নিতকরণপূর্বক Mapping Handbook এবং টার্গেটভিত্তিক উপাত্ত প্রদর্শনপূর্বক Data Gap Analysis দুইটি পুস্তক প্রকাশ করা হয়েছে। উক্ত Mapping Handbook অনুসারে SDG 6.5, SDG 6.6 এবং SDG 14.2 Goal এর লক্ষ্য অর্জনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় Lead Ministry হিসেবে নির্ধারিত। সে আলোকে পানি সম্পদ মন্ত্রণালয় ইতোমধ্যে SDG 6.5 এবং 6.6 এর খসড়া Action Plan প্রস্তুত করে তা সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করেছে।

২.২। যুগ্ম প্রধান, পাসম বলেন, Associate Ministry –দের সাথে আলোচনাপূর্বক SDG 6.5 এবং 6.6 এর খসড়া প্রস্তুত করা হয়নি বিধায় তা অপূর্ণ রয়ে গেছে। অত্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত Action Plan টি এর সাথে Associate Ministry-র প্রকল্প / Strategy এর কোনো দ্বৈততা অথবা কোনো মতামত রয়েছে কি না এবং ঐ সমস্ত মন্ত্রণালয়ের আলাদা কোনো প্রস্তাবনা আছে কি না তা জানা প্রয়োজন। এ প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ এবং মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় হতে আগত প্রতিনিধি তাদের তথ্যসমূহের কপি প্রদান করেন। সভাপতি উক্ত তথ্যসমূহ Action Plan-এ অন্তর্ভূক্ত করে তা Update করার নির্দেশ প্রদান করেন। SDG 14.2 এর Action Plan প্রণয়নকালে দেখা যায় যে, উক্ত Goal এর সাথে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা নেই। এক্ষেত্রে উক্ত Goal এর Lead Agency হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিবর্তে অন্য কোনো মন্ত্রণালয় নির্ধারিত হলে তা অধিকতর কার্যকর হবে এবং Goal এ পৌঁছানোর যথাযথ কর্মকৌশল নির্ধারণ সহজ হবে। এ প্রসঙ্গে যুগ্ম প্রধান, পাসম জানান, গত ১২/০৯/২০১৭ তারিখে সাধারণ অর্থনীতি বিভাগে SDG-র Action Plan বিষয়ক আলোচনা সভায় বিষয়টি তুলে ধরা হয়। সে প্রেক্ষিতে SDG 14.2 এর সাথে অত্র মন্ত্রণালয়ের কোনভাবেই সম্পৃক্ততা নেই মর্মে একটি ডিও পত্র প্রেরণের পরামর্শ প্রদান করা হয়। সভাপতি বলেন, SDG 14.2 এর কর্মকৌশল প্রণয়নের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিবর্তে অন্য কোনো মন্ত্রণালয়/ বিভাগকে Lead Ministry হিসেবে নির্ধারণের জন্য সাধারণ অর্থনীতি বিভাগে একটি ডিও প্রেরণ করতে হবে।

২.৩। সভায় সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরিত খসড়া Action Plan এর উপর আলোচনা করা হয়। আলোচনাকালে দেখা যায় যে, Action Plan এর ৯নং কলামে (Policy/Strategy if needed (in relation with Column 8) কিছু বিষয়ের পুনরাবৃত্তি হয়েছে আবার কিছু বিষয়ে ভুল/ভ্রান্তি রয়েছে। সভাপতি এই কলামটি পর্যালোচনাপূর্বক তা পুনঃবিন্যাস করার পরামর্শ প্রদান করেন।

২.৪। সভাপতি বলেন, দেখা যায় যে কিছু কিছু ক্ষেত্রে একই প্রকল্প Lead Ministry ও Associate Ministry উভয়ের Action Plan এ অন্তর্ভূক্ত হয়েছে। এতে দ্বৈততা সৃষ্টি হয়। তাই Action Plan প্রস্তুতের সময় সতর্কতার সহিত দ্বৈততা পরিহারের জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

২.৫।

০৩। **সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.১। SDG 14.2 কর্মকৌশল প্রণয়নের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিবর্তে অন্য কোনো মন্ত্রণালয়/ বিভাগকে Lead Ministry হিসেবে নির্ধারণের জন্য সাধারণ অর্থনীতি বিভাগে একটি ডিও প্রেরণ করতে হবে।

৩.২। Associate Ministry সমূহ হতে প্রাপ্ত তথ্যসমূহ SDG 6.5, SDG 6.6 এর Action Plan-এ অন্তর্ভূক্ত করতে হবে।

৩.৩। SDG 6.5, SDG 6.6 এর Action Plan এ উল্লেখিত ৯নং কলাম আপডেট করতে হবে।

৩.৪। তথ্য অন্তর্ভূক্তির ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে।

০৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
(০৩-১০-২০১৭)
মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (প্রশাসন)